

শিবপুরে শান্তি-শৃঙ্খলা রক্ষার দায়ভার রাজ্যের: কেন্দ্রীয় সচিব

বিএনএ, হাওড়া: শিবপুর বিশ্ববিদ্যালয়ের শান্তি শৃঙ্খলা রক্ষার দায়ভার রাজ্য সরকারকেই নিতে হবে। বৃহস্পতিবার এই মন্তব্য করে কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন সচিব সুদীপ বন্দ্যোপাধ্যায় জানান, কলেজের বর্তমান পরিস্থিতির দায় রাজ্য সরকারের। এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কিছু করার নেই। কলেজের ছাত্রদের কলেজ কর্তৃপক্ষই সবচেয়ে ভালো বুঝবে। জাতীয় গুরুত্বপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠানের স্তরে উন্নীত হওয়ার লক্ষ্যে বিশ্ববিদ্যালয় কী ধরনের প্রস্তুতি নিচ্ছে তা দেখতেই এদিন কলেজে আসেন তিনি। তাঁর এই পরিদর্শনের কারণে গত দুদিন ধরে স্নাতক স্তরের ক্লাস বয়কট চালিয়ে যাওয়া ছাত্ররা এদিন ওই কর্মসূচি তুলে নেন। তবে আজ শুক্রবার থেকে আবার তাঁদের বয়কট চলবে বলে ছাত্ররা জানিয়েছেন।

এদিন সকাল থেকেই কলেজ চত্বরে ছিল শান্ত পরিবেশ। কোথাও কোনও জটলা বা পোস্টার চোখে পড়েনি। এমনকী উপাচার্যের ঘরের সামনে পুলিশ পিকেটও ছিল না। দূরে গাছের তলায় তাঁরা পাহারা দিচ্ছিলেন। ছাত্ররা ক্লাসে উপস্থিত ছিলেন।

দীর্ঘ আন্দোলনের পর উপাচার্য ড. নিখিলরঞ্জন বন্দ্যোপাধ্যায়কে পাশে বসিয়ে সুদীপবাবু সাংবাদিকদের জানান, উপাচার্যের সঙ্গে প্রাথমিক আলোচনায় আমি খুশি। কলেজের পরিবেশও খুব ভালো। এই কলেজকে আই আই টির মতো কোনও স্তরে উন্নীত করা যায় কিনা সেটা দেখতেই

এসেছি। সব কিছু দেখে শুনেই সিদ্ধান্ত নেওয়া হবে। সাম্প্রতিককালে কলেজের ছাত্র বিক্ষোভ ও আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে প্রশ্ন করা হলে তিনি জানান, এ সবেদর দায়িত্ব পুরোটাই রাজ্যের। আমরা এ ব্যাপারে কোনও হস্তক্ষেপ করব না। উপাচার্যের সঙ্গে প্রাথমিক বৈঠকের পর বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গবেষণাগার, ক্লাসরুম ঘুরে দেখেন তিনি। উপাচার্য ছাড়াও তাঁর সঙ্গে ছিলেন কলেজের ডিন অব রিসার্চ অধ্যাপক বিশ্বনাথ দত্ত, ইঞ্জিনিয়ারিং বিভাগের ডিন অব ফ্যাকালটি অধ্যাপক দেবাশিস ঘোষ এবং অধ্যাপক দীপক সেনগুপ্ত। কেন্দ্রীয় সচিবের পরিদর্শনের সময় ছাত্রদের আচরণে খুশি হন উপাচার্য। তাঁর অনুরোধে ছাত্ররা এদিনের জন্য ক্লাস বয়কট তোলেন।

আরো বে

